মানবপাচারকারীর হোতা মেহেদীর অপকর্ম সম্পর্কে জানেনা গ্রামের কেউ !

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর গ্রামের মেহেদী হাসান বিশ্বাস ওরফে বিজন বিশ্বাস। তিনি ওই গ্রামের মোস্তাকিন আহমেদ টুলুর বড় ছেলে।

মেহেদী হাসানের বিরুদ্ধে ব্রুনেইয়ে প্রায় ৫হাজার নিরীহ মানুষকে পাচারের অভিযোগ উঠেছে। সম্প্রতি মেহেদী হাসানের তিন সহযোগীকে গ্রেপ্তারের পর বিষয়টি সারাদেশে আলোচনার ঝড় তোলে। তিনি ব্রনেই আওয়ামীলীগের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে পরিচয় দিয়ে থাকেন।

তিন ভাইয়ের মধ্যে মেহেদী হাসান বড়। মেজ ভাই বিপু এলাকায় থেকে চাষাবাদ দেখা শোনা করেন এবং ছোট ভাই বাপ্পি রাজধানীতে লেখাপড়া করেন। বাবা মোস্তাকিন আহমেদ টুলু এক্সপোর্ট ও ইমপোর্ট ব্যবসা করতেন। বর্তমানের প্যারালাইসিসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন।

গতকাল বুধবার দুপুরে মেহেদীর গ্রামের বাড়িতে সরেজমিনে গিয়ে দেখা যায়, কিছুদিন আগে একটি দ্বিতল ভবন নির্মান করেছেন। এছাড়াও গ্রামে একটি ডেইরি ফার্ম তৈরি করার প্রক্রিয়া চলছে। তার বাড়িতে ঢোকার চেষ্টা করা হলে বাড়ির মুল গেটের বাইরে থেকে তালা লাগানোর কারণে ভিতরে প্রবেশ করা সম্ভব হয়নি। এমনকি তারা বাড়িতে কেউ আছেন কিনা সেটাও জানা যায়নি।

তবে মেহেদী মানব পাচারকারীদের মুল হোতা এ বিষয়ে গ্রাম বাসী বা তার আত্মীয় স্বজনরা কিছুই জানেন না। মেহেদী গ্রামের ভালো ছেলে হিসেবেই এলাকার মানুষ জানেন। তবে তাদের পূর্ব পুরষরাও প্রভাবশালী ও সম্পদশালী। মেহেদী হাসানের দাদা মাদার আলী বিশ্বাস তিন বারের ইউপি চেয়ারম্যান । তার বড় চাচা মওলা বক্স বেবী তিনিও তিন বারের ইউপি চেয়ারম্যান ছিলেন। তার পরিবারের সকলেই বিএনপির রাজনীতির সাথে জড়িত থাকলেও বর্তমানে তারা আওয়ামীলীগের রাজনীতি করেন বলে দাবি করেছেন তার মেহেদীর চাচা বিল্লাল হোসেন কটা।

বিল্লাল হোসেন কটা জানান, তাদের এক ভাই মাসুদ রানা ওরফে এনামুল দির্ঘদিন ধরে ব্রুনেইয়ে থাকতেন। বিজনের বাবা মোস্তাকিন আহমেদ

প্যারালাইসিসে আক্রান্ত হওয়ায় মানবিকতা দেখিয়ে এনামুল বিজনকে ব্রুনেইয়ে নিয়ে যান ২০১২ অথবা ২০১৩ সালের দিকে। তার কিছূদিন পর এনামুল দেশে ফিরে আসেন। তবে বিজন মানবপাচারকারী এ বিষয়ে তারা কিছু জানেন বললেও পরবর্তিতে তার পক্ষে নিউজ করার জন্য তিনি এ প্রতিবেদককে সুপারিশ করেন।

মেহেদীর এক গ্রাম্য প্রতিবেশী জালাল উদ্দিন জানান, আমরা এলাকায় তাঁকে ভাল ছেলে হিসেবে জানি। তারা বংশ বুনিয়াদি মানুষ। তবে বিদেশে কোন অন্যায় অপকর্ম করে কিনা জানেন না।

শফিকুল ইসলাম রাহিন নামের আরেক প্রতিবেশী জানান, কিছুদিন ধরে শুনছি বিজন কি একটা ঝামেলায় পড়েছে। দুতাবাস নাকি তার পাসপোর্ট আটকিয়ে দিয়েছে। তবে এর বেশি কিছু জানিনা।

এদিকে মেহেদী হাসান বিজনের ফেসবুক আইডি রয়েছে বিজন বিশ্বাস (Bizon Bisswas) নামে। এই আইডি প্রোফাইল পিকচার রয়েছে একজন প্রভাবশালী মন্ত্রীর সাথে। বিভিন্ন সময়ে ওই মন্ত্রির সাথে ছবিও রয়েছে তার। সম্প্রতি প্রভাবশালী ওই মন্ত্রী মেহেরপুর আসলে তখন মেহেদীকে মন্ত্রীর সাথে দেখা গেছে বিভিণ্ন ছবি সেটা দেখা যাচ্ছে। এছাড়াও কয়েকজন মন্ত্রীর সাথে তার ছবি দেখা গিয়েছে।

মেহেদী হাসান বিজনের মোবাইল ফোন (০১৯১৬-৬১৩৮৩৮) এ যোগাযোগ করা হলে ফোন বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।

মুজিবনগরে ৩ জন দুস্থ মহিলার মাঝে সেলাই মেশিন বিতরণ

মুজিবনগর উপজেলায় ২০১৯-২০ অর্ধবছরে এডিপির অর্থায়নে ৩ জন গরীব, দুস্থ মহিলার মাঝে সেলাই মেশিন বিতরন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটার দিকে উপজেলা পরিষদের পক্ষ থেকে এ সকল মেশিন বিতরন করা হয়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, ভাইস চেয়ারম্যান রফিকুল

ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, এলজিডি ইন্জিনিয়ার শাহীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সমাজসেবা অফিসার আব্দুর রব,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও সমাবেশ

মুজিবনগরে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও সমাবেশ করেছে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর।

বৃহস্পতিবার বেলা এগারোটার দিকে উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, সমাজসেবা অফিসার আব্দুর রব,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারসহ বিদ্যালয়ের শিক্ষার্থী উক্ত মানববন্ধনে অংশ নেন।

পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেপ্র/ইএম

মুজিবনগরে দু’দিন ব্যাপী শিশু মেলার উদ্বোধন

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে ‘শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)’ শীর্ষক প্রকল্পের আওতায় মুজিবনগরে দু’দিন ব্যাপী ‘শিশু মেলা’র উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে জেলা প্রশাসক মো: আতাউল গনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন। পরে তিনি অতিথিদের নিয়ে মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির সভাপতিত্বে মেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, থানা অফিসার ইন চার্জ, মোঃ আব্দুল হাসেম, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম ও মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার এলিন সাঈদ-উর রহমান।

আলোচনা সভা শেষে দু’দিন ব্যাপি অনুষ্ঠানের বিভিন্ন প্রতিযোগিতার প্রথম পর্ব অনুষ্ঠিত হয়। বিকালে তথ্য অফিসের বিভিন্ন শিল্পীবৃন্দের লোকসংগীত ও চলচ্চিত্র প্রদর্শন করা হয়। আগামিকাল মেলার দ্বিতীয় দিনের বিভিন্ন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান হবে।

এর আগে প্রায় ৬০০ জন শিক্ষার্থী ও বিভিন্ন দপ্তরের অফিসারদের নিয়ে জেলা প্রশাসকের নেতৃত্বে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য আনন্দ র্যালি বের হয়ে মুজিবনগর কমপ্লেক্স সীমান্ত হয়ে পুনরায় উপজেলা কমপ্লেক্স প্রাঙ্গণে ফিরে যায়।

মেহেরপুরের আমদহ ইউনিয়নে উন্মুক্তভাবে ভাতাভোগী বাছাই

মেহেরপুরের আমদহ ইউনিয়নে উন্মুক্তভাবে ভাতাভোগী বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। বুধবার ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে দিনব্যাপী এ বাছাই কাজক্রম চলে।

উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম এর নির্দেশে সচ্ছ সুন্দুর ভাবে যোগ্য ভাতাভোগীরা যাতে তালিকায় থাকতে পারে সে জন্য উন্মুক্তভাবে বাছাই কার্যক্রমের ব্যবস্থা করা হয়।

মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম বাছাই কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, আমদহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজুল রাব্বি, প্রফেসলান অফিসার সাজ্জাদ হোসেন,

শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, সরকারি শিশু পরিবারের তত্বাবধায়ক শাহেদ হাসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আলমগীর হোসেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে শেষ হলো ৬ দিনব্যাপী সিকিউ প্রশিক্ষন

সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন (সিকিউ) এর উপর ৬ দিন ব্যাপী প্রশিক্ষনের সমাপ্তী হয়েছে। বুধবার আনুষ্ঠানিকভাবে এর সমাপ্তী করা হয়।

জেলা শিক্ষা অফিসের অধিনে মেহেরপুর জেলার বিভিন্ন মাধ্যমিক

বিদ্যালয়ের মোট ১৭১ জন শিক্ষকদের নিয়ে এই প্রশিক্ষনের আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে এই প্রশিক্ষন কার্যক্রম চলে। বিজ্ঞান, গনিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, বাংলা ও ব্যাবসায় উদ্যোগ এই পাচটি বিষয়ের উপর শিক্ষকদের প্রশিক্ষন দেওয়া হয়।

সমাপ্তী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা শিক্ষা অফিসের সহকারী পদির্শক আল মামুন, প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাশেদুল ইসলাম,

বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক হাসানুজ্জামান, কাজীপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক রোকুনুজ্জামান।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্টের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্টের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১০ ঘটিকার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক মো: তৌফিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপপরিচালক মৃধা মো: মোজাহিদুল ইসলাম, ব্যাবিলন রিসোর্সে লিমিটেডর প্রকল্প ব্যবস্থাপক কামরুজ্জামান।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রজেক্ট কোর্ডিনেটর মো: পারভেজ হুসাইন, গ্রাফিক্স ডিজাইন টেইনার জান্নাতুল ফেরদৌস মিমি, সফট স্কিল টেইনার মো: মুনিরুল ইসলাম, মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের রিফ্রিজেটর প্রশিক্ষক আমিনুল ইসলাম সাগর, গবাদি পশু প্রশিক্ষক বিপ্লব কুমার ঘটক, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু প্রমুখ।

মেপ্র/আরপি

মেহেরপুরে মশক নিধন কার্যক্রম শুরু

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশা নিধন কর্মসূচি পালন করা হয়েছে হয়েছে৷

মঙ্গলবার দিনব্যাপী ফোগার মেশিনের সাহায্যে শহরের প্রধান প্রধান সড়কের ড্রেনে মশা নিধন ওষুধ স্প্রে করা হয়৷

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন মশা নিধন কর্মসূচির উদ্বোধন করেন।

ডেঙ্গু প্রতিরোধের আগে থেকেই সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে পোর সভা থেকে।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে বিভিন্ন দিবস পালনে

প্রস্তুতি সভা

মুজিবনগরে ১৭মাচ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস,২৫ মার্চ গনহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস যথাযগ্য মর্যাদায় পালনের লক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনাচার্জ আব্দুল হাশেম, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্স পরিবার পরিকল্পনা কর্মকর্তা রেজওয়ান আহম্মেদ, কর্গোময়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেনসহ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাবৃন্দ,বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও রাজনৈতিক প্রতিনিধি প্রমুখ।

গাংনীর ৫ ইটভাটায় ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীর ৫টি ইটভাটা থেকে ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান এ অভিযান পরিচালনা করেন। সড়কে মাটি ফেলে জন দুর্ভোগ সৃষ্টি করায় এ জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অভিযানের শুরুতে গাংনী থানা সড়কে দু’টি ইটভাটার সামনের পিচঢালা সড়ক কাদায় পরিণত লক্ষ্য করেন ভ্রাম্যমাণ আদালত। এ অপরাধের দায়ে আস্থা বিক্সস মালিক স্বপনের কাছ থেকে ৩০ হাজার ও দোয়েল বিক্সসের মালিক রুহুল আমিনের কাছ থেকে ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

[illegible]

[illegible]

[illegible]/[illegible]